



NOTRE DAME COLLEGE


P.O. Box No. 5
Motijheel, Dhaka-1000
Bangladesh

Date: May 23, 2024

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

নটর ডেম কলেজে ভর্তি কোচিংসংক্রান্ত

নটর ডেম কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলেজে ভর্তির জন্য কলেজ কর্তৃপক্ষ বা শিক্ষকদের দ্বারা কোনো ভর্তি কোচিং পরিচালিত হয় না। আর এ কলেজের ভর্তি পরীক্ষায় অংশ নিতে আলাদাভাবে কোনো কোচিং-এর প্রয়োজন হয় না। কিন্তু কলেজ ক্যাম্পাসের বাইরে বিশেষ করে আরামবাগ, ফকিরাপুল, কমলাপুরসহ আশ-পাশের বিভিন্ন স্থানে নটর ডেম কলেজের নাম ব্যবহার করে প্রতারণায় লিপ্ত রয়েছে একাধিক প্রতারক চক্র। নটর ডেম কলেজের কোনো শিক্ষক অথবা প্রাক্তন শিক্ষক ভর্তি কোচিং-এর সাথে সম্পৃক্ত নয়। সম্প্রতি কলেজ ক্যাম্পাস সংলগ্ন আরামবাগ এলাকায় এসবি ভর্তি কোচিং সেন্টারের ব্যানারটি দৃষ্টিগোচর হয়েছে। ঐ ব্যানারে 'নটর ডেম কলেজের প্রাক্তন শিক্ষক দ্বারা পরিচালিত' কথাটি সর্বৈব মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত। শুধু দিগ্বিদিক জ্ঞানশূন্য শিক্ষার্থী ও অভিভাবকদের প্রতারণার ফাঁদে ফেলতেই এমন অপকৌশলের আশ্রয় নিচ্ছে কিছু অসাধু চক্র। এসবি ভর্তি কোচিং-এর সাথে জড়িত কেউ কখনো এ কলেজে শিক্ষকতার কাজে জড়িত ছিলেন না। তাই, সকলকে এমন চটকদার বিজ্ঞাপনের মায়াজালে পড়ে প্রতারিত না হওয়ার জন্য আহ্বান জানাচ্ছি।


অধ্যক্ষ